গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

নম্বর : ০৫.০০.০০০০.২০২.২৫.০২২.১৯.৫৬৫

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়: Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh শীর্ষক প্রশিক্ষণের ৫১ ও ৫২তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh এর ৫১ ও ৫২তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ৩০/১২/২০১৯ হতে ১৩/০১/২০২০ এবং ২০/০১/২০২০ হতে ৩১/০১/২০২০ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ভারতের National Centre for Good Governance (NCGG), India-তে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের ৫১ ও ৫২তম ব্যাচের প্রতিটিতে অংশগ্রহণের জন্য নিম্নরূপ বিভাজন, ছক ও নির্দেশনা অনুযায়ী আগামী ২৭/১১/২০১৯ তারিখের মধ্যে প্রতিটি কোর্সের জন্য পৃথকভাবে মনোনয়ন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

বিভাগের নাম	সংখ্যা	কর্মকর্তার পদবি
ঢাকা	৬	উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনার অফিসে কর্মরত সিনিয়র সহকারী কমিশনার।
চট্টগ্রাম	৫	
রাজশাহী	৪	
খুলনা	৩	
বরিশাল	৩	
সিলেট	৩	
রংপুর	৩	
ময়মনসিংহ	৩	

ছক

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ....তম ব্যাচে .... বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা নিম্নরূপ:

ক্রমিক নম্বর	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবি, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (ডিসেম্বর ২০১৯)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল মেশিন রিডেবল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

নির্দেশনা:

১. মনোনয়নের ক্ষেত্রে কর্মদক্ষতা ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে;
২. মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ (**জুলাই ২০২০ পর্যন্ত**) সম্পন্ন অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে;
৩. ইতঃপূর্বে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;
৪. অনাগ্রহী কর্মকর্তা এবং পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;
৫. বর্ণিত প্রশিক্ষণে কোন কর্মকর্তা স্পাউজ বা কোন সন্তানকে সঙ্গে নিতে পারবেন না;
৬. জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে কর্মরত সিনিয়র সহকারী কমিশনার যারা ইতঃপূর্বে এ কোর্সে অংশগ্রহণ করেননি, তাদের মনোনয়ন প্রদান করা যাবে;
৭. যথাযথ সংখ্যক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের নিমিত্ত মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নবযোগদানকৃত কর্মকর্তাদের বিবেচনা করা যাবে;
৮. প্রতি সেট আবেদন ফরমের হার্ড-কপির সাথে ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পার্সপোর্টের ফটোকপি এবং সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে;

চলমান পৃষ্ঠা-২

৯. আবেদনকারীদের বয়স ৪৫ বছরের নীচে হতে হবে। আবেদনকারীকে অনলাইনে আবেদন করতে হবে (নির্দেশনা সংযুক্ত)। অন-লাইনে পূরণকৃত আবেদনের হার্ড কপিতে নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। কোন কর্মকর্তা অনলাইনে আবেদন করতে ব্যর্থ হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না;

১০. আবেদনপত্র অনলাইনে প্রেরণের পর তার হার্ডকপি প্রিন্ট করতে হবে। অতঃপর অনলাইন আবেদনের সঙ্গে সংযুক্ত চিকিৎসা সনদের অনুরূপ সনদ চিকিৎসক দ্বারা (ইংরেজি সীলসহ) পূরণ করতে হবে। অনলাইনে প্রেরিত আবেদনের প্রিন্ট কপি ও চিকিৎসা সনদের হার্ডকপিসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১১. মনোনীত কর্মকর্তাবৃন্দের অনলাইনে পূরণকৃত আবেদনপত্র প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে;

১২. জরুরি পুনর্বাসন, প্রত্যাবাসন, নির্বাচন সংশ্লিষ্ট বা প্রাকৃতিক দুর্যোগ কবলিত স্থানে ত্রাণ কার্যক্রম বা অন্য কোন জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের প্রয়োজন নেই;

১৩. মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে অনলাইনে আবেদনকৃত ফরমের ৩ সেট আবেদনের হার্ডকপি ও অন্যান্য সংশ্লিষ্ট সরকারি আদেশে বর্ণিত তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ অধিশাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নম্বর-১০৯) অবশ্যই পৌঁছাতে হবে।

সংযুক্ত: নির্দেশনা ১ ফর্দ।

মোহাম্মদ আবদুল লতিফ
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

১। জেলা প্রশাসক,..(সকল)।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

নম্বর : ০৫.০০.০০০০.২০২.২৫.০২২.১৯.৫৬৬

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়: Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh (MCTP) শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি এরূপ কর্মকর্তাগণের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাঠ প্রশাসনে কর্মরত সিনিয়র সহকারী সচিব পর্যায়ের (উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনার অফিসে কর্মরত সিনিয়র সহকারী কমিশনার) কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৩ হতে ভারত সরকারের অর্থায়নে ভারতের National Centre for Good Governance (NCGG), India-তে MCTP আয়োজন করা হচ্ছে। পরবর্তীতে ০৮/০২/২০১৯ তারিখে স্বাক্ষরিত ছয় বছর মেয়াদি সমঝোতা স্মারকের আওতায় আরও ১৮০০ জন কর্মকর্তাকে বর্ণিত প্রশিক্ষণ প্রদান করা হবে। এ প্রেক্ষিতে আগামী ২০২০ সালের ট্রেনিং ক্যালেন্ডার তৈরির লক্ষ্যে মাঠ প্রশাসনে বর্ণিত পর্যায়ের যে সব কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি তা জানা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উল্লিখিত পর্যায়ের যে সব কর্মকর্তা ইতিপূর্বে MCTP করেননি এবং যাদের বয়স ৪৫ এর নীচে তাঁদের একটি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণের জন্য অনুরোধ করা হলো :

ছক

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণে .... বিভাগের আওতায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রশিক্ষণ গ্রহণ করেননি:

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবি, বর্তমান কর্মস্থল	জন্ম তারিখ	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস
১	২	৩	৪	৫	৬

মোহাম্মদ আবদুল লতিফ
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৪৪২৬
sasft.mopa@gmail.com

বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৪। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

How to fill online application for 51 and 52th Mid Career Training Pogramme in Field Administration for Bangladesh Civil Servants

Go to the web link = https://www.itecgoi.in/index.php

↓

Click on *Apply for ITEC*

↓

Click on *Apply now*

↓

Click on "*Government Function*"

↓

Click on "*National Centre for Good Governance*"

↓

Go to *MID CAREER TRAINING POGRAMME IN FIELD ADMINISTRATION FOR BANGLADESH CIVIL SERVANTS* and Click on ***Apply***

↓

In Nationality Select Bangladesh

↓

Do not click the next button "Secretariat name"-leave that unchanged (কারণ আবেদন করা হচ্ছে Indian High Commission এর মাধ্যমে)

↓

Proceed to complete the form

↓

Fill up the details of employment/profession for last five years mentioning (এখানে বিগত ০৫ বছরের পোস্টিং এর তথ্য ছক অনুযায়ী দিতে হবে)

↓

অনলাইন ফরমে অবশ্যই রঙীন ছবি আপলোড করতে হবে, না হলে আবেদন বাতিল হবে

↓

Submit that form online

↓

Print the submitted online form - three copies

↓

Put your signature to the designated place of application

↓

Complete the medical form with the help of a Physician by hand writing using English seal

↓

Make three set hard copies of submitted online application (with signature) with medical form

↓

Attach photocopy of NID, copy of valid official passport (validity up to July 2020) and copy of last academic certificate with each three sets of the application

↓

Send three sets of completed application to MOPA (Room 109, Building no. 2, Bangladesh Secretariat).

বিশেষ দ্রষ্টব্য:

- আবেদনের সময় যদি অফিশিয়াল পাসপোর্ট নবায়ন না থাকে সে ক্ষেত্রে পাসপোর্ট তথ্য ব্যতিত আগে অনলাইন আবেদন শেষ করে তা সাবমিট ও প্রিন্ট করে প্রেরণ করতে হবে (কারণ পাসপোর্ট তথ্য ছাড়াও অনলাইন আবেদন পূরণ করা যায়)।
- **অনলাইন আবেদন ফরম পূরণের ক্ষেত্রে বিগত ০৫ বছরের পোস্টিং এর তথ্য আবশ্যই উল্লেখ করতে হবে। এ ছাড়া মেডিক্যাল ফরম এর সব অংশ সঠিকভাবে পূরণ করে ডাক্তারের স্বাক্ষর ও ইংরেজী সিলসহ প্রেরণ করতে হবে।**
- যদি অফিশিয়াল পাসপোর্ট না থাকে বা নবায়ন না থাকে অথবা ব্যাক্তিগত পাসপোর্ট (অফিশিয়াল নয়) থাকে তবে এ কোর্সের সরকারি আদেশ জারীর পর অবশ্যই জরুরীভিত্তিতে অফিশিয়াল পাসপোর্ট করে নিতে হবে।
- অনলাইনে আবেদনে কোন ভুল হলে বা প্রিন্ট করতে সমস্যা হলে নতুনভাবে পুনরায় অনলাইনে আবেদন করতে হবে – সে ক্ষেত্রে পূর্বে ব্যবহৃত ই-মেইল পরিবর্তন করে আবেদন করতে হবে।
- **কোন কারণে বর্ণিত অনলাইনে আবেদনের লিন্ক পাওয়া না গেলে বা পেতে সমস্যা হলে বারবার চেস্টা করতে হবে।**